

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৩.৯৯.০০০৩.২৪.১৬৫

বিষয়: উপবৃত্তি প্রদানের নিমিত্ত EESP MIS সিস্টেমের লাইভ সার্ভারে অনুদানভুক্ত ১৫১৯টি স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার তথ্য প্রদানের সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র: ০১। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং: ০৭.১০২.০২০.০০.০৯.০০৯.২০১০-১৪২; তারিখ: ০৮/০৪/২০২৪ খ্রি.

০২। টিএমইডির স্মারক নং: ৫৭.০০.০০০০.০০০.০৫৭.২৯.০০০১.২৪.৪৮; তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অনুদানভুক্ত ১৫১৯টি স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসায় অধ্যয়নরত শিক্ষার্থীদের (ইবতেদায়ী ১ম শ্রেণি হতে ৫ম শ্রেণি পর্যন্ত) উপবৃত্তি প্রদানের প্রস্তাবে যথাযথ কর্তৃপক্ষের সদয় নীতিগত অনুমোদন রয়েছে।

২। উক্ত অনুমোদনের আলোকে অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন iBAS++ এর মাধ্যমে জিটুপি পদ্ধতিতে উপবৃত্তি প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এমতাবস্থায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে EESP MIS সিস্টেমের লাইভ সার্ভারের নিম্নলিখিত লিংকে প্রবেশ করে সময়সীমা বৃদ্ধিপূর্বক আগামী ১৫/০৬/২০২৫ খ্রি. বিকাল ৫.০০ এর মধ্যে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে ইউজার আইডি মুঠোফোনে এসএমএস এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে যার ডিফল্ট পাসওয়ার্ড **Abc@1234** উক্ত পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করে বাধ্যতামূলক ভাবে পাসওয়ার্ড চেঞ্জ করতে হবে এবং পরবর্তী ধাপের জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড সংরক্ষণ করতে হবে। এমতাবস্থায় উপজেলায় যতগুলো অনুদানভুক্ত স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা আছে সেগুলোর তালিকা দেখা যাবে এবং প্রতিষ্ঠানগুলোর তথ্য সংশোধন, সংযোজন, বিয়োজন করা যাবে।

৩। যে সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ EESP MIS সিস্টেমের লাইভ সার্ভারে প্রবেশের জন্য ইউজার আইডি পাননি অথবা বদলি জনিত কারনে ইউজার আইডি পরিবর্তন প্রয়োজন অথবা ভিন্ন উপজেলায় অতিরিক্ত দায়িত্ব পালনের নিমিত্ত একাধিক ইউজার আইডি প্রয়োজন তাদের <https://forms.gle/PsmFhpTWgXKkCw4K9> লিংকে প্রয়োজনীয় তথ্য প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

EESP MIS সিস্টেম এর লাইভ সার্ভার এর ইউআরএল এড্রেস:

<https://mesp.finance.gov.bd/mesp/login>

ডিফল্ট পাসওয়ার্ড: Abc@1234

সকল সংযুক্তিসমূহ:

- (১) স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসায় উপবৃত্তির জন্য USEO লগইন আইডি
- (২) ১৫১৯ মাদ্রাসার তালিকা
- (৩) ইউআরএল এড্রেস



০৩-০৬-২০২৫

বেনজীর আহমেদ

সহকারী পরিচালক

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার.....(সকল)।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৩.৯৯.০০০৩.২৪.১৬৫/১ (৫)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২। ।
- ৩। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৪। সিনিয়র সহকারী সচিব, মাদ্রাসা শাখা-০৩, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৫। ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



০৩-০৬-২০২৫
বেনজীর আহমেদ
সহকারী পরিচালক